

# যুগান্তর

দৈনিক যুগান্তর, ২০১৯-০৮-৩১, পৃ-১৯



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নতুন ওয়েবসাইট উদ্বোধন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় আরও আধুনিক, উন্নত, গতিশীল ও সহজে ব্যবহার উপযোগী ওয়েবসাইট চালু করেছে। ২৯ আগস্ট এটির উদ্বোধন করেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এবং বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী। তবে ওয়েবসাইটের ঠিকানা আগের মতই [www.ewubd.edu](http://www.ewubd.edu) থাকছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, ভিসি, কোষাধ্যক্ষ, ডিন এবং বিভিন্ন প্রশাসনিক বিভাগের প্রধানরা। সংবাদ বিজ্ঞপ্তি।